



দৈনিক জনকণ্ঠ, ২০১৯-০১-৩১, পৃ- ০৩



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৮তম সমাবর্তনে বুধবার গ্রাজুয়েটদের মধ্যে সনদ বিতরণ করেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আকম মোজাম্মেল হক

## ‘দেশপ্রেম ও পেশাদারিত্বে ভবিষ্যত গড়ার আহ্বান’

নীতি-নৈতিকতা, দায়িত্বশীলতা, কর্মনৈপুণ্য, পেশাদারিত্ব এবং দেশপ্রেম হোক ভবিষ্যত বাংলাদেশের পথচলার নিয়ামক। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৮তম সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে অংশ নিয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপি নবীন গ্রাজুয়েটদের প্রতি এই আহ্বান জানান। বুধবার সকালে রাজধানীর আফতাবনগরে

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এর ১৮তম সমাবর্তন অনুষ্ঠিত হয়। এবারের সমাবর্তনে আন্ডার গ্রাজুয়েট ও গ্রাজুয়েট প্রোগ্রামের ২০৭৩ শিক্ষার্থীকে সনদ দেয়া হয়। এছাড়া অন্য মেধাবী আট শিক্ষার্থীকে দেয়া হয় স্বর্ণ পদক। সমাবর্তন বক্তা, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ইয়াসমিন হক বলেন, বাংলাদেশ এখন সম্ভাবনার দেশে পরিণত হচ্ছে। বিশ্ববিদ্যালয়গুলো এখন শুধু জ্ঞান বিতরণ করছে না, তারা নতুন জ্ঞান তৈরিও করছে।  
-বিজ্ঞপ্তি

